



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, রাজশাহী।
জেলা সমবায় অফিস
৫৭, মোল্লামিল মোড়, শিরোইল, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী।
www.cooperative.rajshahi.gov.bd

নম্বর: ৪৭.৬১.৮১০০.০০০.০০০.৪২.০১২৫.২৬.১১৯৫

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩
১৬ জুন ২০২৬

নোটিশ

বিষয়: নানসর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, বাগমারা, রাজশাহী এর নিবন্ধন বাতিল সংক্রান্ত শুনানির নোটিশ।

নানসর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নিবন্ধন নং-৩৭, তারিখ: ২৩-০১-২০২০খ্রি., গ্রাম-নানসর, পো.-দ্বীপপুর, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহীএর কার্যক্রম দীর্ঘ০১(এক)বৎসর যাবৎ অকার্যকর থাকায় জেলা সমবায় অফিসার রাজশাহী কর্তৃক স্মারক নং-৮৭৬,তারিখ: ১১/০৫/২৬খ্রি.মূলে বাতিলের নোটিশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে সমিতির উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অত্রদপ্তরে আবেদন দাখিল করা হয়। সমিতির কর্তৃপক্ষ কর্তৃক আবেদনের প্রেক্ষিতে আগামী ১৮-০৬-২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে শুনানি অনুষ্ঠিত হবে। সমিতির প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ(সভা বহি, ক্যাশ বুক, সভার কার্য বিবরণী বহি,নির্বাচন রেজিস্টার,উপ-আইন এবং মূল নিবন্ধন সনদসহ অন্যান্য সকল পত্রাদি)শুনানি কালে সমিতির সভাপতি,সাধারণ সম্পাদকসহ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণকে উপস্থিত থাকার জন্য বলা হলো। শুনানিকালে সমিতির উপযুক্ত প্রতিনিধি অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট সমিতির বিরুদ্ধে সমবায় সমিতি আইন, ২০০১ এর ৫৩ ধারায় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬-০৬-২০২৬

মো: আবু সাইফ

জেলা সমবায় কর্মকর্তা

ফোন : ০২৫৮৮৮৫০২৫৪

ফ্যাক্স : ০২৫৮৮৮৫০২৫৪

ইমেইল : dco.rajshahi1@coop.gov.bd

সভাপতি

মোঃ মজিবর রহমান, ব্যবস্থাপনা কমিটি, নানসর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রাম-নানসর, পো.-দ্বীপপুর, উপজেলা- বাগমারা , জেলা-রাজশাহী। ফোন নং- ০১৭৪৪-৪৫৫৯৩৫।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস, বাগমারা, রাজশাহী। সভাপতির পত্রটি প্রাপ্তি নিশ্চিত করার জন্য বলা হলো।

